রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ৫, ২০২৬

## বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়

### প্রজ্ঞাপন

তারিখ: ১৯ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ/০২ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

**নং-১৭.০০.০০০০.০৪৫.৩৬.০০৩.২৩.২২৯**।—বাংলাদেশ নির্বাচন কমিশন, The Representation of the People Order, 1972 (P.O. No.155 of 1972) এর Article 89A এ প্রদত্ত ক্ষমতাবলে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রিম কোর্টের সাথে পরামর্শক্রমে ০২-০৪-২০২৬ তারিখে-১০.০০.০০০০.১২৫.৯৯.০০৩.২৩.১২৮ নং স্মারকমূলে জারীকৃত পত্রের পরিপ্রেক্ষিতে উক্ত Order এর Article 89A এ উল্লিখিত Article 73(2B), Article 74 (2A), (3), (4), (5), (6), Article 78, Article 79, Article 80, Article 81(1), Article 82 এবং Article 91 B(3) এর আওতাধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর Section 190 এর Sub-section (1) এর অধীন আমলে নেওয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচারের নিমিত্ত নিম্ন তফসিলের ২ নং কলামে বর্ণিত নির্বাচনি এলাকার ৩ নং কলামে বর্ণিত অধিক্ষেত্রের জন্য ৪ নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ০৪ (চার) জন বিজ্ঞ বিচারক-কে ভোটগ্রহণের পূর্বের ০২ (দুই) দিন ভোট গ্রহনের দিন ও ভোটগ্রহণের পরের ০২ (দুই) দিন অর্থাৎ ০৭-০৪-২০২৬ হতে ১১-০৪-২০২৬ তারিখ পর্যন্ত মোট ৫ (পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করলো:

**"তফসিল"**

| ক্রম | নির্বাচনি এলাকার নম্বর ও নাম | অধিক্ষেত্র | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | ৪১. বগুড়া-৬ | (ক) বগুড়া সদর উপজেলার বগুড়া পৌরসভাসহ নিম্নলিখিত ইউনিয়নসমূহঃ (১) ফাপোঁর (২) সাবগ্রাম (৩) নিশিন্দারা (৪) এরুলিয়া (৫) রাজাপুর | জনাব মোঃ মেহেদী হাসান (২০১৮২১১০০৪) সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বগুড়া। |

| ক্রম | নির্বাচনি এলাকার নম্বর ও নাম | অধিক্ষেত্র | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|---|---|
| ২. | | (খ) নিম্নলিখিত ইউনিয়নসমূহ ও বগুড়া পৌরসভা ব্যতীত বগুড়া সদর উপজেলাঃ (১) ফাপোঁর (২) সাবগ্রাম (৩) নিশিন্দারা (৪) এরুলিয়া (৫) রাজাপুর | জনাব মোঃ কামাল হোসেন (২০১৮২১১০৩২) সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বগুড়া। |
| ৩. | ১৪৫ শেরপুর-৩ | (ক) শ্রীবরদী উপজেলা | জনাব মোঃ সুলতান মাহমুদ মিলন (২০১৮২১০১১৭) সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, শেরপুর। |
| ৪. | | (খ) ঝিনাইগাতি উপজেলা | জনাব মোঃ হাসান ভূইয়া (২০১৮২১০১২৬) সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, শেরপুর। |

২। এই নিয়োগপত্রে উল্লিখিত বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণ নিয়োগপ্রাপ্ত হওয়ার তারিখ অর্থাৎ ০৭-০৪-২০২৬ তারিখ পূর্বাহ্নে দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় যোগদান করতঃ যোগদানপত্র সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর প্রেরণ করবেন এবং সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৩। বর্ণিত বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে গ্রহণ করলে যথাসম্ভব দ্রুততার সাথে সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার (Summary Trial) নিস্পত্তি করবেন এবং তৎমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন-১ শাখা) বরাবর অতঃপর সংযুক্ত ছকে নির্দেশিত পদ্ধতিতে প্রেরণ করবেন।

৪। দায়িত্বপ্রাপ্ত বিজ্ঞ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত বিধি মোতাবেক অবমুক্ত করার জন্য ক্ষেত্রমতে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/বিজ্ঞ জেলা ও দায়রা জজ/বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-গণকে অনুরোধ করা হলো।

৫। বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১ (এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার /অফিস সহকারীকে সহায়ক স্টাফ হিসেবে সঙ্গে নিতে পারবেন। বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণের সুষ্ঠুভাবে দায়িত্বপালনের স্বার্থে স্টাফসহায়তা প্রদানের জন্য সংশ্লিষ্ট অধিক্ষেত্রের বিজ্ঞ জেলা ও দায়রা জজ/বিজ্ঞ মহানগর দায়রা জজ/বিজ্ঞ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-গণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। বর্ণিত বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্বপালনকালে তাদের চাহিদা ও প্রয়োজন অনুসারে সার্বক্ষণিকভাবে জীপগাড়ি বা মাইক্রোবাস বা স্পীডবোট এবং ক্ষেত্রমতো প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সকল জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণের সুষ্ঠুভাবে দায়িত্বপালনের স্বার্থে তাদের চাহিদা মতে প্রয়োজনীয় স্ট্রাইকিং ফোর্স মোতায়েনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে গণপ্রতিনিধিত্ব আদেশ, **১৯৭২** এর ৮৯ ক (২) অনুচ্ছেদ মোতাবেক সংশ্লিষ্ট পুলিশ কমিশনার/পুলিশ সুপার/স্থানীয় থানার অফিসার ইনচার্জ/অন্য কোনো আইন প্রয়োগকারী সংস্থার কমান্ডার/ইনচার্জ-কে অনুরোধ করা হলো।

৮। বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী/বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোহাম্মদ দিদার হোসাইন**
উপসচিব (আইন-১ শাখা)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd